# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

**(A Jesuit Christian Minority Institution)**

**1ST Terminal Examination 2018**

**Sub:** Bengali Grammar | **Class:** IV A & C | **F.M.:** 45

**Duration:** 1 ½ Hrs. | **Model Answer** | **Date:** 25.04.18

১।ক)উ:বাংলা বর্ণমালায় মোট ৪৬টি বর্ণ আছে। (১x৩=৩)

খ)উ: যে বাক্যে কোনো উপদেশ দেওয়া হয় তাকে অনুজ্ঞাসূচক বাক্য বলে।

গ)উ: যৌগিক স্বরের দুটি উদাহরণ হল - ঐ, ঔ।

২।ক) বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দকে বলা হয় পদ। (১x৩=৩)

খ) বর্ণ হল ধ্বনির লিখিত রূপ।

গ) চলিত ভাষার ক্রিয়া এবং সর্বনামপদ ছোটো আকারের হয়।

৩। বর্ণ বিশ্লেষণ :- (১x২=২)

বিজ্ঞান = ব্ + ই + জ্ + ঞ্ + আ + ন্ + অ

কমলা = ক্ + অ + ম্ + অ + ল্ + আ

৪।ক) অক্ষরকে ইংরেজিতে বলে syllable (সিলেব্‌ল্)। (১x২=২)

খ) অনেকের ধারণা, চিত্রলিপি প্রথম প্রচলিত হয় মিশরে।

## 'খ' বিভাগ

৫। (১x৩=৩)

| উদ্দেশ্য | বিধেয় |
|---|---|
| রাজা | রথে করে শিকারে চললেন। |
| আমি | তোমাদের বাড়িতে যাব। |
| জগদীশচন্দ্র বসু | একজন বিজ্ঞানী ছিলেন। |

৬। বর্ণ আর অক্ষর এক নয়। ইংরেজিতে বর্ণকে বলে letter, আর অক্ষরকে বলে syllable (সিলেব্‌ল্)। একটি শব্দের এবং ঝোঁকে যতটুকু উচ্চারণ করা যায় তাকে বলে অক্ষর। যেমন 'মা' -এর মধ্যে দুটি বর্ণ আছে (ম্ + আ); কিন্তু অক্ষর একটি। (৩)

৭। (৩)

| সাধু ভাষা | চলিত ভাষা |
|---|---|
| ১) সাধু ভাষা গুরুগম্ভীর। | ১) চলিত ভাষা সহজ ও সরল। |
| ২) সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদ বড়ো আকারের হয়। | ২) চলিত ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদ ছোটো আকারের হয়। |
| ৩) সাধু ভাষা হল লেখার ভাষা । | ৩) চলিত ভাষা লেখার ও মুখের ভাষা। |

৮। বাংলা লেখ্য ভাষার দুটি রূপ। সাধু ভাষা ও চলিত ভাষা। দীর্ঘদিন ধরে, সাধু ভাষা বাংলার লেখ্য ভাষা ছিল। এই ভাষা সাহিত্য রচনা, চিঠিপত্র, দলিল লেখা প্রভৃতি কাজে লাগে। (৩)

৯। যুক্তাক্ষর (৩)

ক) ত্ + ত = ত্ত
খ) জ্ + ব = জ্ব
গ) ন্ + ত্ = ন্ত

} নিজে লেখ

## 'গ' বিভাগ

১০। মানুষের ভাষা অঙ্গভঙ্গি করে, হাসিকান্নার সাহায্যে ইঙ্গিতধর্মী ছবি এঁকে, নতুন শেখা ছোট ছোট কিছু কথার সাহায্যে সর্বশেষে মুখের কথাকে লিখে প্রকাশ করে ধাপে ধাপে এসেছে। (৫)

১১।ক) বৃদ্ধা মানুষটি খুবই অসহায়া হয়ে জীবিতা। (৫)
খ) নর্তকী সুন্দর করে তার অনুষ্ঠানটি নিবেদন করলেন।
গ) নারীদের অন্য জায়গায় নিয়ে যাওয়া হল।

১২। বোধশক্তির বিচার - (১) (৫)
১। বহুরূপী নামে এক জাতের প্রাণী নিজের ইচ্ছামতন গায়ের রঙ বদলাতে পারে।
২। এই প্রাণীটি লতাপাতার মাঝে থাকলে পাতার মতো সবুজ হয়।
৩। বাক্যরচনা শিকার, অদ্ভুত (নিজে লেখ)
৪। শূন্যস্থান - এদের চোখ ঘোরাবার কায়দাও অদ্ভুত।

১৩। বোধশক্তির বিচার :- (২) (৫)
১) দাবা ও ক্যারাম খেলা ঘরের মধ্যেই হয়।
২) ফুটবল ও ক্রিকেট খেলা ঘরের বাইরে হয়।
৩) বাইরের খেলাগুলিতে শরীর চালনা হয়।
৪) ঘরের মধ্যের খেলাগুলিতে মস্তিষ্ক চালানোর প্রয়োজন হয়।
৫) বিপরীত ; প্রয়োজন - অপ্রয়োজন।

M. [illegible] 26/4/18
Rita Das 26/4/18

**ST. LAWRENCE HIGH SCHOOL**

**(A Jesuit Christian Minority Institution)**

**1ST Terminal Examination 2018**

FOR GOD AND COUNTRY

**Sub: Bengali Grammar** **Class: IV A & C** **F.M.: 45**

**Duration: 1 ½ Hrs.** **Date: 25.04.18**

## 'ক' বিভাগ – ১০

১। একটি বাক্যে উত্তর লেখ :- (১x৩=৩)

ক) বাংলা বর্ণমালায় মোট কটি বর্ণ আছে?

খ) যে বাক্যে কোনো উপদেশ দেওয়া হয় তাকে কি বাক্য বলে?

গ) যৌগিক স্বরের দুটি উদাহরণ লেখ।

২। শূন্যস্থান পূরণ কর :- (১x৩=৩)

ক) বাক্যে ব্যবহৃত .................... শব্দকে বলা হয় পদ।

খ) .................... হল ধ্বনির লিখিত রূপ।

গ) চলিত ভাষার .................. এবং সর্বনাম পদ ছোটো আকারের হয়।

৩। নীচের শব্দগুলির বর্ণবিশ্লেষণ করো ;- (১x২=২)

বিজ্ঞান, কমলা

৪। ভুল সংশোধন করে লেখ :- (১x২=২)

ক) অক্ষরকে ইংরেজিতে বলে letter

খ) অনেকের ধারণা, চিত্রলিপি প্রথম প্রচলিত হয় রোমে।

## 'খ' বিভাগ – ১৫

৫। উদ্দেশ্য বিধেয় ভাগ কর:

ক। রাজা রথে করে শিকারে চললেন। খ। আমি তোমাদের বাড়িতে যাব।

গ। জগদীশচন্দ্র বসু একজন বিজ্ঞানী ছিলেন। ৩

৬। বর্ণ ও অক্ষর কি এক, তা বুঝিয়ে দাও। ৩

৭। সাধু ও চলিত ভাষার ৩টি পার্থক্য লেখ। ৩

৮। বাংলা লেখ্য ভাষার কয়টি রূপ? দীর্ঘদিন ধরে কোন ভাষা বাংলার লেখ্য ভাষা ছিল? এই ভাষা কিকি কাজে লাগে? ১+১+১

৯। যুক্তাক্ষরটি লিখে ২টি করে শব্দ গঠন কর। ১X৩

ক। ত্ + ত = খ। জ্ + ব = গ। ন্ + ত =

## 'গ' বিভাগ – ২০

১০। মানুষের ভাষা কিরূপে ধাপে ধাপে এসেছে? ৫

১১। দাগ দেওয়া পদটির লিঙ্গ পরিবর্তন করে বাক্যটি পুনরায় লিখে দেখাও: ৫

ক। বৃদ্ধ মানুষটি খুবই অসহায় হয়েও জীবিত। খ। নর্তক সুন্দর করে তার অনুষ্টানটি নিবেদন করলেন।

গ। পুরুষদের অন্য জায়গায় নিয়ে যাওয়া হল।

১২। <u>বোধ শক্তির বিচারঃ</u> (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তর লিখবে) ৫

বহুরূপী নামে একজাতের প্রানী আছে তারা আশেপাশের রঙের মতো ইচ্ছা মতো তার গায়ের রং বদলাতে পারে। লতাপাতার মাঝে থাকলে তার গায়ের রং পাতার মতো সবুজ হয়। হয়তো চোখের সামনেই বসে আছে – অথচ সহজে তোমার নজরে পড়বে না। বিন্দু মাত্র নড়াচড়া করে না। চোখ দুটি খালি এদিক ওদিক ঘুরায়। চোখ ঘোরাবার কায়দাও অদ্ভুত। একটা চোখ তোমার দিকে একদৃষ্টে চেয়ে আছে ইতিমধ্যে অপর চোখটা ঘুরিয়ে ফিরিয়ে আশপাশের অবস্থা পর্যবেক্ষণ করে। এই ভাবে তারা শিকার ধরে।

▪ <u>প্রশ্নঃ</u> (বাক্যে উত্তর লিখবে)

১. কোন প্রানী নিজের ইচ্ছা মতন গায়ের রঙ বদলাতে পারে?

২. এই প্রানীটি লতা পাতার মাঝে থাকলে কি রঙের হয়ে যায়?

৩. <u>বাক্য রচনাঃ</u> শিকার , অদ্ভুত।

৪. <u>শূন্যস্থান পূরন কর</u> – এদের চোখ ঘোরাবার কায়দাও __________।

১৩। <u>বোধ শক্তির বিচারঃ</u> (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তর লিখবে) ৫

খেলাধুলা দু-ধরনের হতে পারে। কিছু খেলা ঘরের বাইরে মাঠে খেলতে হয় যেমন ফুটবল, ক্রিকেট , হকি হা-ডু-ডু প্রভৃতি। আবার কিছু খেলা ঘরের মধ্যেই খেলা যায় , যেমন টেবিল টেনিস , দাবা , ক্যারাম প্রভৃতি । এছাড়া ব্যাডমিন্টন , ভলিবল , বাস্কেটবল টেনিস প্রভৃতি খেলা গুলি মাঠে কোর্ট তৈরী করে খেলা হয়। বাইরের খেলা গুলিতে শরীর চালনা হয়। ঘরের মধ্যের খেলা গুলিতে মস্তিস্ক চালানোর প্রয়োজন হয়।

▪ <u>প্রশ্নঃ</u> (বাক্যে উত্তর লিখবে)

১. কোন কোন খেলা ঘরের মধ্যেই খেলা যায়? (দুটি লেখ)

২. কোন কোন খেলা ঘরের বাইরে খেলা যায়? (দুটি লেখ)

৩. বাইরের খেলা গুলিতে ________ চালনা হয়।

৪. ঘরের মধ্যের খেলা গুলিতে ________ চালানার প্রয়োজন হয়।

৫. বিপরীত শব্দ লেখঃ প্রয়োজন।

--------